

💵 কিয়ামতের ভয়াবহতা ও তারপর

বিভাগ/অধ্যায়ঃ অনুবাদকের কথা ও ভূমিকা রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

ভূমিকা

হে আল্লাহর বান্দাগণ! কিয়ামত আসবেই। স্পষ্টভাবেই আসবে। আসবে সময় মত; কিন্তু মানুষ কি এ জন্য উপদেশ গ্রহণ করছে? নিচ্ছ কি কোনো প্রস্তুতি? আচ্ছা কিয়ামত না হয় আমরা দেখতে পাচ্ছি না এখন, কিন্তু প্রতিদিন আমাদের আত্মীয়-স্বজন, সহকর্মী, প্রতিবেশীর মৃত্যু তো আমরা প্রত্যক্ষ করছি। এটাতো অস্বীকার করতে পারি না কিংবা এতে সন্দেহ করতে পারি না। তা সত্বেও এর জন্য আমরা কী প্রস্তুতি নিচ্ছি? কী উপদেশ ও শিক্ষা গ্রহণ করছি?

আসলে আপনার সত্যিকার বন্ধু সে, যে আপনাকে এগুলোর কথা স্মরণ করিয়ে দেয়। আর আপনার সত্যিকার শক্রু সে, যে আপনাকে দুনিয়ার লোভ লালসার পথ দেখায়। আখিরাত সম্পর্কে আপনাকে করে বিভ্রান্ত ও সন্দেহপ্রবণ।

আমাদের ভুলে গেল চলবে না এ পৃথিবী একদিন ধ্বংস হয়ে যাবে। আমাদের সকলের উপস্থিত হতে হবে মহান রাব্বুল আলামীন আল্লাহর কাছে। এরপর হয়ত আমরা যাবো জান্নাতে অথবা জাহান্নামে, যেখানের বসবাস হবে স্থায়ী। যেখানে নেই কোনো জীবনাবসান।

আল্লাহ তা'আলা বলেন,

يَّأَيُّهَا ٱلنَّاسُ إِنَّ وَعِهَدَ ٱللَّهِ حَقَّهَ فَلاَ تَغُرَّنَكُمُ ٱلهَّحِيَوةُ ٱلدُّنهَيَا وَلَا يَغُرَّنَكُم بِٱللَّهِ ٱلهَّورُورُ هِ إِنَّ ٱلشَّعِيرِ ٨ ﴿ وَاللَّهِ ٱللَّهَ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللَّهُ اللللَّهُ اللَّهُ الللَّهُ اللَّهُ الللللَّهُ اللَّهُ الللللَّهُ الللَّهُ الللَّهُ اللَّهُ اللَّهُ الللَّهُ الللللَّهُ الللللَّهُ الللَّهُ اللللللَّهُ اللَّ

আল্লাহ তা'আলা আরো বলেন.

يَّأَيُّهَا ٱلَّذِينَ ءَامَنُواْ مَا لَكُمْ إِذَا قِيلَ لَكُمُ ٱنفِرُواْ فِي سَبِيلِ ٱللَّهِ ٱتَّاقَلَاتُم اللَّهِ ٱلْأَقِلَ اللَّهِ ٱلْأَقِيلَ مَا لَكُمُ الْفَرُواْ فِي سَبِيلِ ٱللَّهِ ٱلْاَقْلَاتُم اللَّهِ ٱلسَّامُ اللَّهِ ٱللَّهُ ٱلسَّامُ اللَّهِ ٱللَّهُ ٱلسَّامُ اللَّهُ ٱلسَّامُ اللَّهُ السَّامُ اللَّهُ اللَّ

"হে ঈমানদারগণ, তোমাদের কী হলো, যখন তোমাদের বলা হয়, আল্লাহর রাস্তায় (যুদ্ধে) বের হ, তখন তোমরা যমীনের প্রতি প্রবলভাবে ঝুঁকে পড়? তবে কি তোমরা আখিরাতের পরিবর্তে দুনিয়ার জীবনে সম্ভুষ্ট হলে? অথচ দুনিয়ার জীবনের ভোগ-সামগ্রী আখিরাতের তুলনায় একেবারেই নগণ্য"। [সূরা আত-তাওবাহ, আয়াত: ৩৮] আল্লাহ তা'আলা আরো বলেন,



[وَفَرحُواْ بِٱلآحَيَوْةِ ٱلدُّنايَا وَمَا ٱلآحَيَوْةُ ٱلدُّنايَا فِي ٱلآأَخِرَةِ إِلَّا مَتِّعا ٢٦ ﴾ [الرعد: ٢٦ ﴿

"আর তারা দুনিয়ার জীবন নিয়ে উৎফুল্লতায় আছে, অথচ আখিরাতের তুলনায় দুনিয়ার জীবন খুবই নগণ্য"। [সূরা আর-রাদ, আয়াত: ২৬]।

আবৃ হুরায়রা রাদিয়াল্লাহু 'আনহু থেকে বর্ণিত, রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেন,

تَعِسَ عَبْدُ الدِّينَارِ، وَعَبْدُ الدِّرْهَمِ، وَعَبْدُ الخَمِيصَةِ، إِنْ أُعْطِيَ رَضِيَ، وَإِنْ لَمْ يُعْطَ سَخِطَ، تَعِسَ وَانْتَكَسَ، وَإِذَا» شِيكَ فَلاَ انْتَقَشَ، طُوبَى لِعَبْدٍ آَخِذٍ بِعِنَانِ فَرَسِهِ فِي سَبِيلِ اللَّهِ، أَشْعَثَ رَأْسُهُ، مُغْبَرَّةٍ قَدَمَاهُ، إِنْ كَانَ فِي الحِرَاسَةِ، شِيكَ فَلاَ انْتَقَشَ، طُوبَى لِعَبْدٍ آَخِذَ بِعِنَانِ فَرَسِهِ فِي سَبِيلِ اللَّهِ، أَشْعَثَ رَأْسُهُ، مُغْبَرَّةٍ قَدَمَاهُ، إِنْ كَانَ فِي الحِرَاسَةِ، وَإِنْ شَفَعَ لَمْ يُشَقَعْ لَمْ يُشَقَعْ دُمُ السَّاقَةِ، إِنِ اسْتَأْذَنَ لَمْ يُؤْذَنْ لَهُ، وَإِنْ شَفَعَ لَمْ يُشَقَعْ

"টাকা-পয়সার দাস ধ্বংস হোক, রেশম কাপড়ের দাস ধ্বংস হোক, ধ্বংস হোক পোশাকের দাস। এদের অবস্থা হলো, তাদেরকে প্রদান করা হলে খুশী হয় আর না দিলে অসম্ভুষ্ট হয়। ধ্বংস হোক! অবনত হোক! (তাদের পায়ে) কাঁটা বিদ্ধ হলে তা কেউ তুলে দিবে না, তবে সৌভাগ্যবান আল্লাহর ঐ বান্দা যে আল্লাহর পথে ঘোড়ার লাগাম ধরেছে, মাথার চুল এলোমেলো করেছে ও পদদ্বয় ধুলায় ধূসরিত করেছে। যদি তাকে পাহারার দায়িত্ব দেওয়া তবে সে পাহারার দায়িত্ব পালন করে। যদি তাকে বাহিনীর পিছনে দায়িত্ব দেওয়া হয় তবে তা পালন করে। যদি সে নেতার সাথে সাক্ষাৎ করার অনুমতি চায় তবে তাকে অনুমতি দেওয়া হয় না। যদি সে কারো জন্য সুপারিশ করে তবে তার সুপারিশ গ্রহণ করা হয় না।"[1]

আমার কত বন্ধু-ইচ্ছে করলে আমি তাদের নাম বলতে পারি- কুপ্রবৃত্তি চরিতার্থ করায় লিপ্ত রয়েছে, পাপাচারের জেলখানায় বন্দি হয়ে আছে, কিন্তু তারা মৃত্যু ও মৃত্যু পরবর্তী হিসাব-নিকাশ সম্পর্কে একেবারে বে-খবর।

আর আল্লাহ যখন আমাকে হিদায়াত দিয়েছেন, তাঁর আনুগত্য করার তাওফীক দিয়েছেন তখন আমার কাজ হলো তাদের নসীহত করা এবং সত্য-সঠিক পথে যেতে সাহায্য করা।

চিন্তা করে দেখি আজ যদি আমার মৃত্যু এসে যেত তাহলে আমি কিছুক্ষণ পর মাটির নিচে চলে যাবো। আমার পাপগুলো লিখিত থাকতো, সেগুলোই আমার সঙ্গী হতো। এ কথা চিন্তা করলে নিজের কুপ্রবৃত্তি দমন হয়ে যেত। পাপাচারের উপকরণগুলো আমার থেকে দূরে চলে যেত।

হে আল্লাহর বান্দা! আল্লাহকে ভয় করুন। পৃথিবীর এ সুখ-শান্তি চলে যাচ্ছে, আর আখিরাত ক্রমেই এগিয়ে আসছে।

মৃত্যুর সময়ের কথা একটু চিন্তা করুন। তখন যদি আমার পাপের বোঝা ভারী হয় সৎকর্মের চেয়ে তাহলে কত বড় সর্বনাশ হয়ে যাবে।

এক কবি চমৎকার বলেছেন,

فَلَوْ أَنَّ إِذَا مِتْنَا تُرِكْنَا + لَكَانَ المَوْتُ رَاحَةَ كُلِّ حِيِّ وَ لَكِنَّا إِذَا مِتْنَا بُعِثْنَا + وَنُسْأَلُ بَعْدَهُ عَنْ كُلِّ شَيَءٍ

"যদি এমন হত আমরা মরে যাবো আর আমাদের ছেড়ে দেওয়া হবে, তাহলে মৃত্যু হত সকল প্রাণীর জন্য শান্তির বার্তা। কিন্তু কথা হলো আমরা যখন মরে যাবো তখন আমাদের হাজির করা হবে, আর এরপর প্রশ্ন করা হবে সকল বিষয় সম্পর্কে"।



হে আল্লাহর বান্দা! আমি এ গ্রন্থে বরযখের অবস্থা, প্রাণ বের হয়ে যাওয়ার পরের অবস্থা, জান্নাত ও জাহান্নামের ইত্যাদির বর্ণনা আল-কুরআন ও সহীহ হাদীসের ভিত্তিতে দেওয়ার চেষ্টা করেছি। জীবনের প্রতি দীর্ঘ লোভ ও ভোগ-বিলাসিতার আশা পরিত্যাগ করুন, আর মৃত্যু পরবর্তী সময়ের জন্য প্রস্তুতি নিন।

মহান আল্লাহর কাছে প্রার্থনা, তিনি যেন এ পুস্তকটি দিয়ে পাঠকদের, সর্বোপরি সকলকে উপকৃত হওয়ার তাওফীক দিন। জান্নাত লাভে আগ্রহীদের জন্য এটাকে সাহায্যকারী হিসাবে কবুল করুন।

আল্লাহ তা'আলার কাছেই আমার সব বিষয় উপস্থাপিত। সব বিষয়ে আমি তার উপর তাওয়াক্কুল করি। আল্লাহ তা'আলা আমার জন্য যথেষ্ট। তিনি সর্বোত্তম কর্ম-বিধায়ক। মহাপরাক্রমশালী, প্রজ্ঞাময় আল্লাহর সামর্থ ছাড়া কেউ খারাপ কাজ থেকে ফিরে থাকতে পারে না। আর তার তাওফীক ব্যতীত কেউ নেক আমল করতে পারে না।

আব্দুল মালেক আল কুলাইব, কুয়েত

৪ জমাদিউস সানী ১৩৯৯ হিজরী

ফুটনোট

[1] সহীহ বুখারী, হাদীস নং ২৮৮৭।

• Source — https://www.hadithbd.com/books/link/?id=13501

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন